# সালমানের 'বিএনপি চাঁদাবাজ' মন্তব্য ঢালাও অভিযোগ: স্বরাষ্ট্রমন্ত্রী




স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের 'বিএনপি চাঁদাবাজ দল' মন্তব্যকে ঢালাও অভিযোগ বলে উল্লেখ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, কারও বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ বা মামলা হলে সেটি তদন্ত করে দেখা সম্ভব।

রোববার (২৭ সেপ্টেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, সালমান তাকে উদ্দেশ্য করে বক্তব্য দিতেই পারেন। এটি তার গণতান্ত্রিক অধিকার ও বাকস্বাধীনতার অংশ। তবে ফেসবুক লাইভে অভিযোগ করলেও এখন পর্যন্ত তিনি কোনো মামলা করেননি।

এদিকে সালমান মুক্তাদিরের স্টুডিওতে হামলার ঘটনায় এখন পর্যন্ত তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) যুগ্ম কমিশনার মহিদুল ইসলাম।

LENS ASIA